



## 330617 - হাদিসের টেক্স রঙ করার মাধ্যমে শিশুদেরকে শিক্ষাদানের হুকুম

### প্রশ্ন

মসজিদে কুরআন শিক্ষার হালকাগুলোতে (আসরগুলোতে) আমরা বাচ্চাদের জন্য কিছু হাদিস ব্যাখ্যা করি; যমেন- “তোমাদের মধ্যে সর্বোত্তম ঐ ব্যক্তি যিনি নিজের কুরআন শেখে ও অন্যকে শেখায়” ও অন্য কিছু হাদিস। আমরা হাদিসের টেক্স প্রিন্ট করি। এরপর বাচ্চাদেরকে রঙ করতে বলি। এটা কি জায়গে? নাকি এতে করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিসের অসম্মান হয়?

### উত্তরের সংক্ষিপ্তসার

প্রশ্নে যে পদ্ধতির কথা উল্লেখ করা হয়েছে আমাদের কাছে এতে কোন অসুবিধা প্রতীয়মান হয় না।

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

মুসলিমের ওপর ফরজ হচ্ছে আল্লাহর দ্বীনকে ও দ্বীনকে নদির্শনগুলোকে সম্মান করা। আল্লাহ তাআলা বলেন: “এটাই (করণীয়)। আর যারা আল্লাহর নদির্শনসমূহের সম্মান করবে, নিঃসন্দেহে সেটাই হবে (তাদের) অন্তরে তাকওয়ার পরচায়ক।” [সূরা হাজ্জ, আয়াত: ৩২]

এই সম্মানের মধ্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্মান করা ও তাঁর সুন্নাহকে সম্মান করাও অন্তর্ভুক্ত।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন:

“যে ব্যক্তি উপাসনায় আল্লাহর এককত্বে বিশ্বাস করে এবং তাঁর বান্দা ও রাসূলের রসিলাতে বিশ্বাস করে; এরপর এই বিশ্বাসের অনুবর্তী হিসেবে যা আবশ্যিকীয় তথা সম্মান ও মর্যাদা প্রদর্শন করে না; যা অন্তরে থাকলেও এর প্রভাব অঙ্গপ্রত্যঙ্গের ওপর ফুটে ওঠে; বরং কথা বা কাজের মাধ্যমে অবজ্ঞা, নরিবোধ জ্ঞানকরণ ও তাচ্ছলিফ ফুটে ওঠে; এমন বিশ্বাস থাকা না-থাকার মতোই। বরং এটি তার সেই বিশ্বাস নষ্ট হওয়াকে আবশ্যিককারী এবং এ বিশ্বাসের যে উপকার ও কল্যাণ সেটাকে দূরকারী। কেননা ঈমানী বিশ্বাসগুলো অন্তরগুলোকে পরিশুদ্ধ ও সংশোধন করে। যখন এ বিশ্বাসগুলো আত্মার পরিশুদ্ধি এবং সংশোধনকে আবশ্যিক করে না তখন বুঝতে হবে যে, এটি অন্তরে স্থান করে নতি পায়নি।” [আস-সারমে আল-মাসলুল (৩/৭০০)]



আমাদের কাছে যা অগ্রগণ্য প্রতীয়মান হয় সটো হল: হাদসিে রাসূল বাচ্চাদরে জন্য ব্যাখ্যা করা, সটোকো প্রন্টি করা এবং বাচ্চাদরেকে মুখস্ত করতে ও রঙ করতে দয়ো— এটি সুন্নাহর প্রতি সম্মান প্রদর্শনকে নাকচ করে না। কারণ উদ্দেশ্য হচ্ছে বাচ্চাদরেকে হাদসি মুখস্ত করানো। এ উদ্দেশ্যকে বাচ্চাদরে নকিট পছন্দনীয় এক প্রকাররে বধৈ বনিদনের মাধ্যমে সহজীকরণ করা হয়েছে। আর সটো হচ্ছে রঙ করা ও আঁকাআঁকি করা কথিবা এ জাতীয় অন্য কোন শিক্ষা-মাধ্যম যা শরয়িতসদিধ মহান উদ্দেশ্য বাস্তবায়নে সহায়ক।

উপরোক্ত আলোচনার আলোকো প্রশ্ননে যে পদ্ধতির কথা উল্লেখ করা হয়েছে আমাদের কাছে এতে কোন অসুবিধা প্রতীয়মান হয় না।

আল্লাহই সর্বজ্ঞঃ।